ভোরের কাগজ

তারিখ 18 JAN 20 3
পৃষ্ঠা কলাম

# ভারত সরকারের বৃত্তির জন্য দরখাস্ত আহ্বান

ভারত সরকার ২০০৩-২০০৪ শিক্ষাবর্ষে সংস্কৃতি ক্ষেত্রে বৃত্তির মাধ্যমে অধ্যয়নের জন্য বাংলাদেশী নাগরিকদের কাছ থেকে কয়েকটি বিষয়ে দরখাস্ত আহ্বান করেছে। নৃত্যকলা, যন্ত্রসঙ্গীত, কণ্ঠসঙ্গীত ও নাট্যকলায় স্নাতক, স্নাতকোত্তর ও পিএইচডি এবং চারুকলায় স্নাতকোত্তর ও পিএইচডি অধ্যয়নের জন্য বৃত্তির আবেদন করা যাবে।

প্রার্থীকে সকল পরীক্ষায় গড়ে ৬০ শতাংশ নম্বর থাকতে হবে। তবে স্নাতকোত্তর ও পিএইচডি ডিগ্রির ক্ষেত্রে প্রার্থীর শিক্ষা জীবনে কমপক্ষে একটি ১ম বিভাগ থাকতে হবে।. আবেদনকারীর সর্বোচ্চ সময়সীমা ৪০. (চল্লিশ) বছর। কেউ একাধিক বিষয়ে প্রার্থী হতে পারবে না।

যোগ্যতা সম্পন্ন প্রার্থীদের সদ্যতোলা ২ কপি পাসপোর্ট সাইজের ছবি, সকল সনদপত্রের অনুলিপি (১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত)সহ সাদা কাগজে আবেদন করতে হবে। ইতিপূর্বে ভারতীয় বৃত্তি ভোগ করেছে কিনা, বৃত্তির জন্য মনোনীত হয়েছিল কিনা, হয়ে থাকলে সন, তারিখ ও বিষয় উল্লেখ করতে হবে। জীবনবৃত্তান্তে আবেদনকারীর নাম, পিতা/মাতা/স্বামীর নাম, বর্তমান ঠিকানা, স্থায়ী ঠিকানা টেলিফোন (যদি থাকে), জন্ম তারিখ, ১ জানুয়ারি ২০০৩ তারিখে প্রকৃত বয়স, প্রাপ্ত বিভাগ, সকল পরীক্ষায় প্রাপ্ত নম্বর-এর গড় প্রস্তাবিত বিষয় ইত্যাদি উল্লেখ করতে হবে।

সকল মূল সনদপত্র এবং আবেদনপত্রসহ প্রার্থীকে স্ব স্ব ক্ষেত্রে সাক্ষাৎকারের জন্য বাংলাদেশ শিল্পকলা একাডেমীর মিলনায়তনে নির্ধারিত সময়ে উপস্থিত হতে হবে।

২২ জানুয়ারি দুপুর ৩ টায় কণ্ঠসঙ্গীত ও নৃত্যকলা এবং ২৩ জানুয়ারি দুপুর ২টায় যন্ত্রসঙ্গীত, নাট্যকলা ও চারুকলা বিষয়ে সাক্ষাৎকার গ্রহণ করা হবে। তথ্য বিবরণী।